

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক-৪ শাখা
www.mhpsd.gov.bd

স্মারক নম্বর-৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৪০

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩১
০১ সেপ্টেম্বর ২০২৪

বিষয়: স্থগিতকৃত আয়েয়াস্ত্র ও গোলাবারুদ জমা প্রদান এবং আগামী ৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখ থেকে অবৈধ অস্ত্র উদ্ধার অভিযান পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আগামী ০৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখ থেকে স্থগিতকৃত লাইসেন্সের অধীন থানায় জমা না করা আয়েয়াস্ত্র ও গোলাবারুদ এবং পুলিশসহ বিভিন্ন বাহিনী/সংস্থার বেহাত/হারানো অস্ত্রসহ যেকোন অবৈধ অস্ত্র উদ্ধারে যৌথ অভিযান পরিচালনার নিমিত্ত নিম্নোক্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) প্রজ্ঞাপন নম্বর ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৩০ তারিখ ২৫ আগস্ট ২০২৪ মূলে স্থগিতকৃত লাইসেন্সের তালিকা প্রণয়নপূর্বক সংশ্লিষ্ট লাইসেন্স গ্রহীতাকে এসএমএস (SMS)-এর মাধ্যমে লাইসেন্স স্থগিত এবং স্থগিতকৃত লাইসেন্সের অনুকূলে ব্যবহৃত অস্ত্র ও গোলাবারুদ ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে থানায় জমা প্রদানের বিষয়টি অবহিতকরণ;

(খ) বর্ণিত লাইসেন্স স্থগিত ও সংশ্লিষ্ট অস্ত্র-গোলাবারুদ থানায় জমা প্রদান এবং ০৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখ হতে অবৈধ অস্ত্র উদ্ধারে অভিযান পরিচালনা ও অবৈধ অস্ত্র সংরক্ষণ/হেফাজতকারীদের বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা দায়েরসহ আইননানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়টি জেলা তথ্য অফিসের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ;

(গ) জেলা ম্যাজিস্ট্রেটগণ আগামী ০২ সেপ্টেম্বর ২০২৪ তারিখ পুলিশ সুপার, সশস্ত্র বাহিনীর প্রতিনিধি এবং গোয়েন্দা সংস্থাসহ অন্যান্য সদস্যদের সমন্বয়ে কোর কমিটির সভা করবেন। সভায় স্থগিতকৃত লাইসেন্সের তালিকা পর্যালোচনা করবেন। আগামী ০৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখ হতে কার্যকর অস্ত্র উদ্ধার অভিযান পরিচালনার জন্য সশস্ত্র বাহিনী, বিজিবি, কোস্টগার্ড, পুলিশ, র‍্যাভ, আনসার সমন্বয়ে যৌথ অপারেশন টিম গঠন করে অস্ত্র উদ্ধার অভিযান পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

(ঘ) মেট্রোপলিটন এলাকায় পুলিশ কমিশনারগণ সংশ্লিষ্ট সকল বাহিনী ও গোয়েন্দা সংস্থার সহায়তায় আগামী ০৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখ হতে অস্ত্র উদ্ধারের জন্য যৌথ অভিযান পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঙ) জেলা ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক প্রণীত স্থগিতকৃত লাইসেন্সধারীদের তালিকা এবং নির্ধারিত তারিখ পর্যন্ত জমাকৃত অস্ত্রের লাইসেন্সধারীদের তালিকা ০৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করবেন।


(মো: আরিফ-উজ্জামান)

উপসচিব

ফোন: ০২-৫৫১০০৯৭৭

dspol4mha@gmail.com

বিতরণ:

- ১। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা ম্যাজিস্ট্রেট.....(সকল)।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
- ৩। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বিজিবি/আনসার/কোস্টগার্ড/ ডিজিএফআই/ এনএসআই/র‍্যাভ, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার.....(সকল)।
- ৬। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, বিশেষ শাখা (এসবি), মালিবাগ, ঢাকা।
- ৭। পুলিশ কমিশনার/রেঞ্জ ডিআইজি.....(সকল)।
- ৮। পুলিশ সুপার.....(সকল)।
- ৯। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।